

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

নামায পড়ে না। কিন্তু অর্থশালী বলে হজ্জ করে 'হাজী সাহেব' হয়েছে। বেনামাযীর হজ্জ কি কবুল হবে?

কোন বেনামাযী হাজীর হজ্জ গৃহীত নয়। যেহেতু বানামাযী আসলে 'মুসলিম' থাকে না। রাসুলুল্লাহ (সঃ)বলেছেন, "মানুষ ও কুফরীর মধ্যে (পর্দা) হল, নামায ত্যাগ করা।" ৪২১ (মুসলিম)

তিনি আর বলেছেন, "যে চুক্তি আমাদের ও তাদের (কাফেরদের) মধ্যে বিদ্যমান, তা হচ্ছে নামায (পড়া)। অতএব যে নামায ত্যাগ করবে, সে নিশ্চয় কাফের হয়ে যাবে।" ৪২২ (তিরমিযী)

শাকীক ইবনে আব্দুল্লাহ তাবেঈ (রহিমাহুল্লাহ) বলেন, "মুহাম্মাদ (সঃ)এর সহচরবৃন্দ নামায ছাড়া অন্য কোন আমল ত্যাগ করাকে কুফরীমূলক কাজ বলে মনে করতেন না।" ৪২৩ (তিরমিযী)(ফাতাওয়া ইবনে উষাইমীন ২/৬৮৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=330

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন